# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৬

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় ‘অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

## باب الإيمان بالقدر ـ الفصل الثاني

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «يَكُونُ فِي أُمَّتِي خَسْفٌ وَمَسْخٌ وَذَلِكَ فِي الْمُكَذِّبِينَ بِالْقَدَرِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وروى التِّرْمِذِيّ نَحوه

বাংলা

১০৬-[২৮] ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, ’আমার উম্মাতের মধ্যেও ’খাসফ’ (জমিন ধ্বসিয়ে বা অদৃশ্য করে দেয়া) এবং ’মাসখ’ (চেহারা বা আকার পরিবর্তন করে দেয়ার) মত শাস্তি হবে। তবে এ শাস্তি তাক্বদীরের প্রতি অবিশ্বাসকারীদের মধ্যেই হবে। আবূ দাঊদ, ইমাম তিরমিযীও অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।[1]

## English

Chapter: Belief in the Divine Decree - Section 2

Ibn ‘Umar said:
I heard God’s messenger say, “Some of my people will be swallowed up and some will be metamorphosed. That will come about among those who declare God’s decree to be false."

Abu Dawud transmitted it and Tirmidhi transmitted something similar.

ফুটনোট

[1] হাসান : তিরমিযী ২০৭৯, আবূ দাঊদ ৩৯৯৭, ইবনু মাজাহ্ ৪০৬১, আহমাদ ২/১০৮ ও ১৬৩। সমস্ত অনুলিপিতে رَوَاهُ أَبُوْ دَاوُدَ وَرَوَى التِّرْمِذِىُّ نَحْوَهُ এভাবে রয়েছে যা মূলত ভুল। সঠিক হলো এর সম্পূর্ণ বিপরীত অর্থাৎ- رَوَاهُ أَبُوْ دَاوُدَ وَرَوَى التِّرْمِذِىُّ نَحْوَهُ ইমাম তিরমিযী ২/২২ নং পৃষ্ঠায় এ শব্দেই হাদীসটি সংকলন করেছেন। আবূ দাঊদ ৪২১৬ নং, ইবনু মাজাহ্ ৪০৬১ নং এবং আহমাদ ২/১০৮ এবং ১৩৭ নং পৃষ্ঠায় হাদীসটি

সংকলন করেছেন। হাদীসের সানাদটি হাসান স্তরের।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54665

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন